

আইআইটির মর্যাদা যাদবপুর-শিবপুরকে

স্টাফ রিপোর্টার : রাজ্য সরকারের কোনওরকম নিয়ন্ত্রণ ছাড়াই যাদবপুর ও শিবপুর বিশ্ববিদ্যালয় যে আইআইটি জাতীয় মর্যাদা পেতে চলেছে শুক্রবার সেই ইঙ্গিত মিলেছে। এদিন কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন মন্ত্রকের এক প্রতিনিধিদল শিবপুরের বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় পরিদর্শন করেন। প্রতিনিধিদলে ছিলেন অধ্যাপক এম. আনন্দকৃষ্ণন, অমিতাভ ঘোষ ও ডি.বি.সিং। বিশ্ববিদ্যালয় সূত্রে খবর, রাজ্য সরকারের নিয়ন্ত্রণ ছাড়া আইআইটির বিষয়টি প্রতিনিধি দলের তরফে মানবসম্পদ উন্নয়ন মন্ত্রককে জানানো হয়েছে। পাশাপাশি, কোন বিশ্ববিদ্যালয় আইআইটি মর্যাদা পাবে তা চূড়ান্ত না হলেও বিবেচনাধীন সাতটি শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য ইতিমধ্যে ২৫০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয় ও আইআইটি'-র সংমিশ্রণ পদ্ধতি পেতে আগ্রহ প্রকাশ করেছিল যাদবপুর। এ প্রসঙ্গে শিবপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিখিলরঞ্জন বন্দ্যোপাধ্যায় বলেন, “আমাদের ক্ষেত্রে গভর্নেন্স এর বিষয়টি কেন্দ্র ও রাজ্য আলোচনা করে ঠিক করুক।”